ভুমি মালিক সমিতির স্মারকলিপি প্রদান

সোমবার “ঢাকা সিটি ভূমি মালিক সমিতি”র পক্ষ থেকে রাজউক চেয়ারম্যানকে স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপি প্রদান অনুষ্ঠানে “ঢাকা সিটি ভূমি মালিক সমিতি”র প্রধান সমন্বয়ক প্রফেসর ড. দেওয়ান এম. এ. সাজ্জাদ এর নেতৃত্বে উপদেষ্টা এ্যাড. কাজী রেজাউল হোসেন, সাংবাদিক বাবলু রহমান, সমন্বয়ক হুমায়ূন কবির শিমুল, আমিনুর রহমান, তানভীরুল ইসলাম চৌধুরী, আমীর হোসেন, সৈয়দা আশরাফুন নাহার, এ কে এম ইউসুফ, রুহুল আমিনসহ শতাধিক ভূমি মালিক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রাজউক চেয়ারম্যান এর সাথে ভূমি মালিক সমিতির নেতৃবৃন্দের আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়েছে। রাজউক চেয়ারম্যান স্মারকলিপিতে উল্লেখিত দাবি সমূহের প্রত্যেকটি পয়েন্ট নিয়ে বিস্তারিত আলোচনা শুনেছেন এবং স্বতঃস্ফূর্ত আলোচনা করেছেন। দীর্ঘ প্রায় ৩০ মিনিট আলোচনা শেষে সমিতির পক্ষ থেকে রাজউক চেয়ারম্যান প্রকৌশলী মোঃ রিয়াজুল ইসলামকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।